সমকাল

তারিখ 12 AUG 2016
পৃষ্ঠা ... কলাম ...

# ডিবি পরিচয়ে কলেজছাত্রকে অপহরণের অভিযোগ

■ সোনারগাঁ (নারায়ণগঞ্জ) প্রতিনিধি

জামপুর ইউনিয়নের রাউৎগাঁও গ্রামের রিয়াজউদ্দিন ভূঁইয়া নামের এক কলেজছাত্রকে ডিবি পুলিশ পরিচয়ে অপহরণের অভিযোগ উঠেছে। বৃহস্পতিবার তালতলা এলাকা থেকে ওই কলেজছাত্রকে অপহরণ করা হয়েছে বলে তার পরিবারের অভিযোগ। এ ঘটনায় সোনারগাঁ থানায় লিখিত অভিযোগ করা হয়েছে। লিখিত অভিযোগে উল্লেখ করেন, উপজেলার জামপুর ইউনিয়নের রাউৎগাঁও গ্রামের আবু সিদ্দিক ভূঁইয়ার ছেলে ও মদনপুর নাজিম উদ্দিন ভূঁইয়া ডিগ্রি কলেজের একাদশ শ্রেণির ছাত্র রিয়াজ উদ্দিন ভূঁইয়াকে তালতলা এলাকা থেকে ডিবি পুলিশ পরিচয়ে সাদা রঙের একটি মাইক্রোবাসে তুলে নিয়ে যায় কয়েকজন লোক। ডিবি পুলিশের কার্যালয়ে তাকে না পেয়ে বৃহস্পতিবার বিকেলে থানায় লিখিত অভিযোগ করা হয়েছে।